D:\General Letter.doc৪৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৭৬.২০১৫-১৪৩৬ তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : মহান বিজয় দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণের নিমিত্ত কর্মসূচী চুড়ান্ত করণের লক্ষ্যে সভার কার্যবিবরনী।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৪৬.০৩৯.০১৮.০০.০০.০০৪.২০১৫-১৭১৯; তারিখ : ২৯ অক্টোবর,২০১৫ ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মহান বিজয় দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণের নিমিত্ত কর্মসূচী চুড়ান্ত করণের লক্ষ্যে সভার কার্যবিবরনী এতদ্সংগে প্রেরণ করা হলো। উক্ত সভার সিদ্ধান্ত নং-১২,১৩,১৪, ও ১৬ অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাঁর জেলার সকল উপজেলা পরিষদকে নির্দেশনা প্রদান এবং সিদ্ধান্ত ১৫ অনুযায়ী মহান বিজয় দিবস ২০১৫ উদযাপন কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৩ (তিন) পাতা।

৩০/১১/২০১৫
(ড.জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক (সকল)
---------------------- জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
www.lgd.gov.bd

মহান বিজয় দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণের নিমিত্ত কর্মসূচি চুড়ান্তকরণের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

জনাব আবদুল মালেক, সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সভাপতিত্বে ২৭.১০.২০১৫ তারিখ সকাল ১০.৩০ টায় স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হল।

২। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাকে অবহিত করেন যে, মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় এবং উৎসবমুখর পরিবেশে ও বর্ণাঢ্যভাবে উদযাপনের লক্ষ্যে আগামী ১৬ ডিসেম্বর, ২০১৫ তেজগাঁও পুরাতন বিমান বন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। উক্ত কুচকাওয়াজের যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার বিগত বছরের সাফল্য যথাযথভাবে তুলে ধরতে হবে। এ ছাড়া বিভিন্ন পোষ্টার, ব্যানার ইত্যাদির মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের কার্যক্রম আকর্ষণীয় ভাবে উপস্থাপন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১. মহান বিজয় দিবস, ২০১৫ উদযাপনের লক্ষ্যে জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজের সাথে যান্ত্রিক বহরে স্থানীয় সরকার বিভাগ এবং দপ্তর/সংস্থা একটি গাড়ীতে ভ্রাম্যমান ডিসপ্লে প্রদর্শন করা হবে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মহান বিজয় দিবস, ২০১৫ উদযাপন ও যান্ত্রিক বহর সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলঃ

০১.	যুগ্মসচিব(প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ	ঃ	আহবায়ক
০২.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা	ঃ	সদস্য
০৩.	মহা ব্যবস্থাপক(পরিবহন), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	ঃ	সদস্য
০৪.	মহা ব্যবস্থাপক(পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	ঃ	সদস্য
০৫.	নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই, ঢাকা জেলা	ঃ	সদস্য
০৬.	সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ	ঃ	সদস্য-সচিব

২. আগামী ১৬ ডিসেম্বর, ২০১৫ তারিখ সকাল ০৭.৩০ টায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ কলাবাগান ক্রীড়াচক্র মাঠ অথবা মাঠ সংলগ্ন রাস্তা থেকে র‍্যালী করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতিফলকে পুষ্পার্পন করবেন। উক্ত পুষ্পার্পন অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ১৫০০ কর্মকর্তা/কর্মচারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ৩০০ কর্মকর্তা/কর্মচারী, ঢাকা ওয়াসা ১০০০ কর্মকর্তা/কর্মচারী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ৫০০ কর্মকর্তা/কর্মচারী এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৫০০ কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থাকবেন। কলাবাগান ক্রীড়াচক্র মাঠ ব্যবহারের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন প্রয়োজনীয় সমন্বয় করবেন।

৩. র‍্যালীতে অংশগ্রহণকারীগণ লাল সবুজের ডিজাইন সম্বলিত ক্যাপ ব্যবহার করবেন। উক্ত ক্যাপে "মহান বিজয় দিবস ২০১৫" এবং "স্থানীয় সরকার বিভাগ" লেখা সম্বলিত ৫০০ টি ক্যাপ স্থানীয় সরকার বিভাগের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সরবরাহ করবে।

৪. র‍্যালীর মূল ব্যানার হবে স্থানীয় সরকার বিভাগের নামে। অতঃপর ক্রমানুসারে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ব্যানার প্রদর্শিত হবে।

৫. স্থানীয় সরকার বিভাগের পক্ষে সচিব, স্থানীয় সরকার বিভাগ, অতিরিক্ত সচিব এবং দপ্তর/সংস্থার প্রধানগণসহ প্রথম পুষ্পার্পণ করবেন। সংশ্লিষ্ট সংস্থা, নিজ নিজ সংস্থার পক্ষে পুষ্পার্পন করতে পারেন।

৬. আগামী ১৭.১২.২০১৫ তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর চত্বরে "বিজয় মেলা ২০১৫" অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর চত্বরে আয়োজিত বিজয় মেলার বিষয়ে সংস্থাসমূহ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সাথে সার্বিক সমন্বয় করবেন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প; জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, উপজেলা গভর্ন্যান্স প্রকল্প, একটিভেটিং ভিলেজ কোর্ট প্রকল্প, এলজিএসপি-২ প্রকল্প নিজ নিজ প্রকল্পের কার্যক্রম প্রদর্শন করবে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ওয়াসা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বিজয় মেলায় নিজ নিজ স্টল প্রদর্শন করবেন। প্রদর্শনির স্টল সংক্রান্ত এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।

৭. মেলার উদ্বোধনীয় অনুষ্ঠান এবং সমাপনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন, এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপস্থিত থাকবেন।

৮. অংশগ্রহণকারী যান্ত্রিক বহরে একটির বেশী যানবাহন অংশগ্রহণ করা যাবে না, যান্ত্রিক বহরে যানবাহন ডিজেল অথবা পেট্রোল চালিত (সিএনজি ব্যতিত) হবে। যান্ত্রিক বহরে ব্যবহৃত গাড়ীসমূহের চালক শুরু থেকে একই ব্যক্তি হতে হবে। গাড়ী থেকে যেন কালো ধোঁয়া বের না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখতে হবে।

৯. যান্ত্রিক বহর প্রদর্শনীর বাংলা ও ইংরেজিতে লিখিত ধারা বর্ণনা ৯ পদাতিক ডিভিশনে/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে আগামী ১০ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১০. সকল সিটি কর্পোরেশন পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখার ব্যবস্থা করবে।

১১. সকল সিটি কর্পোরেশনের উদ্যোগে খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে।

১২. জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে এবং মুক্তিযুদ্ধে শহীদ/আত্মদানকারী/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনার জন্য সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহকে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে।

১৩. ঢাকা এবং দেশের বিভিন্ন শহরে প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত করণের জন্য সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভাসমূহ ও ইউনিয়ন পরিষদসমূহকে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে।

১৪. সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভাসমূহ ও ইউনিয়ন পরিষদসমূহ কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করতে স্ব-স্ব অনুবিভাগ হতে পত্র দিতে হবে ।

১৫. সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভাসমূহ ও ইউনিয়ন পরিষদসমূহ কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন করছে কিনা এ বিষয়ে জেলা প্রশাসক স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন দিবেন এবং বিভাগীয় কমিশনারকে অনুলিপি দিবেন।

১৬. দেশের সকল শিশু পার্ক শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করার জন্য সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভাসমূহে পত্র দিতে হবে।

সভাপতি বিজয় দিবস ২০১৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে বিজয় দিবস, ২০১৫ এর অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৯.১০.২০১৫
(আবদুল মালেক)
সচিব
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্হানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০৩৯. ০১৮. ০০. ০০. ০০৪. ২০১৫- ১৭১৯

তারিখঃ ১৪ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

বিতরণ ঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ।
৩। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৫। উপসচিব/উপপ্রধান(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৮। মাননীয় মন্ত্রীর তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব(সকল)/কম্পিউটার প্রোগ্রামার/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা ঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

(মোঃ জাহিদ হোসেন) ২৯/১০/১৫
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd